# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৮৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. নামাযে ইমামের পিছনে উম্মুল কিতাব পড়া ওয়াজিব

بَابُ وُجُوبِ قِرَاءَةِ أُمِّ الْكِتَابِ فِي الصَّلَاةِ وَخَلْفَ الْإِمَامِ

আরবী

ثَنَا أَبُو بَكْرٍ عَبْدُ اللَّهِ بْنُ سُلَيْمَانَ بْنِ الْأَشْعَثِ ، ثَنَا مُؤَمَّلُ بْنُ هِشَامٍ ، وَحَدَّثَنَا إِسْمَاعِيلُ ـ هُوَ ابْنُ عُلَيَّةَ ـ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ ، عَنْ مَكْحُولٍ ، عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ الْأَنْصَارِيِّ ـ وَكَانَ يَسْكُنُ إِيلِيَاءَ ـ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ ، قَالَ : صَلَّى رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ الصُّبْحَ ، فَثَقُلَتْ عَلَيْهِ الْقِرَاءَةُ ، فَلَمَّا انْصَرَفَ ، قَالَ : " إِنِّي لَأَرَاكُمْ تَقْرَءُونَ مِنْ وَرَاءِ إِمَامِكُمْ ؟ " . ، قَالَ : قُلْنَا : أَجَلْ ، وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ هَذًّا ، قَالَ : " فَلَا تَفْعَلُوا إِلَّا بِأُمِّ الْقُرْآنِ ؛ فَإِنَّهُ لَا صَلَاةَ لِمَنْ لَمْ يَقْرَأْ بِهَا " . هَذَا إِسْنَادٌ حَسَنٌ

বাংলা

১১৮৬(৫). আবু বাকর আবদুল্লাহ ইবনে সুলায়মান ইবনুল আশ'আছ (রহঃ) ... উবাদা ইবনুস সামেত (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের নামায পড়লেন। কিন্তু কুরআন পাঠ তাঁর নিকট কঠিন অনুভূত হলো। নামাযশেষে তিনি বলেনঃ নিশ্চয়ই আমি তোমাদেরকে তোমাদের ইমামের পিছনে কুরআন পাঠ করতে দেখেছি। রাবী বলেন, আমরা বললাম, হাঁ, আল্লাহর শপথ, ইয়া রাসূলাল্লাহ! তিনি বলেন, তা করো না, অবশ্যই উম্মুল কুরআন (সূরা আল-ফাতিহা) পড়ো। কেননা যে ব্যক্তি সূরা আল-ফাতিহা পড়ে না, তার নামায হয় না। এই সনদসূত্র হাসান (উত্তম)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80975

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন